

স্মারক নম্বর: ৪৬.০০.৭৮০০.০৪২.৯৯.০৫৭.১৯.২০৬৯

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

০৪ অক্টোবর ২০২১

বিষয়: পটুয়াখালী জেলা পরিষদের মালিকানাধীন কুয়াকাটায় একটি ডাকবাংলো কাম মাল্টিপারপাস হল নির্মাণ।

সূত্র: জেলা পরিষদ, পটুয়াখালী এর স্মারক ৪৬.১০.৭৮০০.০০০.০১.০০৯.২১-৩০৯, তারিখ: ০১ সেপ্টেম্বর ২০২১।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে পটুয়াখালী জেলা পরিষদের মালিকানাধীন কুয়াকাটায় একটি ডাকবাংলো কাম মাল্টিপারপাস হল নির্মাণের লক্ষ্যে প্রস্তুতকৃত প্ল্যান ও ডিজাইন অনুমোদনের প্রস্তাব বিবেচনা সুবিধার্থে নিম্নবর্ণিত তথ্য প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- পটুয়াখালী জেলা সদরে ১০০০ আসন বিশিষ্ট একটি আধুনিক অডিটোরিয়াম-কাম-মাল্টিপারপাস হল নির্মাণের জন্য জেলা পরিষদ, পটুয়াখালী-এর পক্ষ হতে কোন প্রস্তাব প্রেরণ করা হয়েছিল কিনা?
- ২০১৬-১৭ ও ২০১৭-১৮ অর্থ বছরে ৩(তিন) পর্যায়ে মোট ০৫.০০ কোটি টাকা অর্থ বরাদ্দ প্রদান করা হয়। কিন্তু, অডিটোরিয়াম-কাম-মাল্টিপারপাস হল নির্মাণের উপযুক্ত স্থান না থাকার বিষয়টি সংশ্লিষ্ট অর্থ বছরেই যথাশীঘ্র স্থানীয় সরকার বিভাগকে কেন অবহিত করা হয়নি?
- সমাপ্ত অর্থ বছরের বরাদ্দপত্রে বর্ণিত নির্ধারিত কর্মসূচি/ স্কিম পরিবর্তনের প্রস্তাবটি সরকারের আর্থিক বিধি-বিধানের সাথে সঙ্গতিপূর্ণ কিনা, এ বিষয়ে ব্যাখ্যা;
- উক্ত বরাদ্দকৃত অর্থ উত্তোলন করা হয়ে থাকলে, এর কোন অংশ ব্যয় করা হয়েছে কিনা? ব্যয় হয়ে থাকলে কী কাজে ব্যয় করা হয়েছে?
- কুয়াকাটায় প্রস্তাবিত ডাকবাংলো কাম মাল্টিপারপাস হল নির্মাণের লক্ষ্যে Digital Topographical Survey, Sub-soil Investigation এবং প্ল্যান, ডিজাইন প্রস্তুতের ক্ষেত্রে জেলা পরিষদের কোন্ খাত হতে কী পরিমাণ অর্থ ব্যয় করা হয়েছে? উক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের অনুমোদন গ্রহণ করা হয়েছিল কিনা?
- কুয়াকাটায় প্রস্তাবিত ডাকবাংলো কাম মাল্টিপারপাস হল নির্মাণের ক্ষেত্রে সম্ভাব্য ব্যয় ও প্রাক্কলন।

৪-১০-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব

ফোন: ৯৫৭৫৫৬৮

ইমেইল: lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, পটুয়াখালী

স্মারক নম্বর: ৪৬.০০.৭৮০০.০৪২.৯৯.০৫৭.১৯.২০৬৯/১(৫)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৮

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ২) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৫) সহকারী প্রোগ্রামার, সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ



৪-১০-২০২১

মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী  
উপসচিব